

তারিখ
 পৃষ্ঠা: ৩ কলাম: ৩

শিক্ষকের অভাবে মেলান্দহ সরকারী কলেজে লেখা-পড়া বিঘ্নিত হচ্ছে

মেলান্দহ (জামালপুর) থেকে সংবাদদাতা : বিভিন্ন সমস্যা জর্জরিত মেলান্দহ সরকারী ডিগ্রী কলেজে শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। শিক্ষক বৃন্দতা, বৈজ্ঞানিক যন্ত্রপাতির অভাব, লাইব্রেরীতে প্রয়োজনীয় বইয়ের অভাব, ছাত্রাবাস না থাকায় নানা সমস্যায় হাবুড়ুর খাচ্ছে কলেজটি। কলেজের একটি সত্র জানায়, ১৯৭২ সনে প্রতিষ্ঠিত কলেজটি ১৯৭৮ সনের ১ জুলাই সরকারীকরণ করা হয়। কলেজে বর্তমানে ছাত্র-ছাত্রীর সংখ্যা ১১৫০ জন। বিভিন্ন বিভাগে চাহিদা অনুযায়ী শিক্ষকের প্রয়োজন ২৫ জন। তন্মধ্যে কর্মরত আছেন ৬ জন শিক্ষক। বিজ্ঞান বিভাগে ৯ জনের স্থলে শুধু পদার্থ বিজ্ঞান বিষয়ে ৫ জন শিক্ষক আছেন। বাণিজ্য বিভাগে কোন শিক্ষক নেই। মানবিক বিভাগে ৯ জনের স্থলে কর্মরত আছেন ৪ জন, ইংরেজী বিষয়ে কোন শিক্ষক নেই ৬ মাসের অধিককাল যাবৎ। বিজ্ঞান প্রদর্শনের পদ দীর্ঘদিন ধরে পূন্য। কম্পিউটার কোর্স চালুর জন্য কম্পিউটার সেট কলেজে থাকা সত্ত্বেও শিক্ষকের অভাবে কোর্স চালু করা সম্ভব হচ্ছে না। ছাত্রাবাস নেই। নেই বিজ্ঞান ব্যবস্থাপণার প্রয়োজনীয় যন্ত্রপাতি।